



## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: শেড/পুষ্টি/এইচ আর/২০২৩/০৯/৮৯০

তারিখ: ২৬/০৯/২০২৩ইং

“শেড” জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয়ে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের অবহেলিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠী বিশেষ করে নারী, শিশু ও প্রতিবন্ধী মানুষের স্বাস্থ্য, পুষ্টি, ওয়াশ, খাদ্যনিরাপত্তা জোরদারকরণ, শিক্ষা, নারীর ক্ষমতায়ন, শিশু অধিকার বাস্তবায়ন, দুর্যোগ ব্যবস্থাপনা, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও মানব পাচার প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। কার্যক্রম বাস্তবায়নে শেড সরকারী ও বেসরকারী পর্যায়ের সকল প্রতিষ্ঠান ও ব্যক্তির সার্বিক সহযোগিতা পেয়ে আসছে। তারই ধারাবাহিকতায় জাতিসংঘের অঙ্গ সংস্থা UNICEF ও UNWFP এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় বিভিন্ন ক্যাম্পে বাস্তবায়নায়ী ‘সমন্বিত পুষ্টিসেবা কার্যক্রম পরিচালনায় মার্চ পর্যায়/কর্মক্ষেত্রে সহযোগিতা প্রদান করার জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ দেওয়া হচ্ছে:

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	কর্মএলাকা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	মন্তব্য
০১	Community Nutrition Volunteer-CNV (Male/Female)	Undefined (অনির্দিষ্ট)	ক্যাম্প নং- ২ই, ০৭, ৮ই, ০৯, ১১, ১৭ এবং ১৮	ন্যূনতম এস.এস.সি/সমমান পাশ।	ন্যূনতম ১৮ বছর থেকে সর্বোচ্চ ৩০ বছর পর্যন্ত (৩০.০৯.২০২৩)।	চুক্তির মেয়াদঃ ৩১ শে ডিসেম্বর- ২০২৩ইং পর্যন্ত।
মাসিক সম্মানী: সর্বসাকুল্যে ১০,০০০/= (দশ হাজার টাকা মাত্র) অথবা ১২,০০০/= (বারো হাজার টাকা মাত্র)						

### শর্তাবলিঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। উখিয়া ও টেকনাফ উপজেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রার্থীকে অবশ্যই লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। কেবল বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগের জন্য সুপারিশ করা হবে।
- নির্বাচিত প্রার্থীদের ক্যাম্পের দুর্গম এলাকায় কাজ করার/কঠোর পরিশ্রম করার মন-মানসিকতা থাকতে হবে। যেকোন দুর্ঘটনাকালীন সময়ে সার্বক্ষণিক মার্চ পর্যায়ের কাজ করার সম্মতি প্রদান করতে হবে।
- ক্যাম্পে ‘সমন্বিত পুষ্টিসেবা কার্যক্রম’ কর্মসূচিতে কর্মরত এমন অভিজ্ঞ প্রার্থীকে প্রাধান্য দেওয়া হবে।
- অধ্যয়নরত কোন ছাত্র-ছাত্রী (এইচ.এস.সি অথবা স্নাতক অধ্যয়নরত), ধূমপায়ী, মাদকাসক্ত, নারী ও শিশু নির্যাতনের সাথে সম্পৃক্তদের আবেদন করার প্রয়োজন নেই।
- কোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ সংশ্লিষ্ট ব্যক্তির অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে ‘শেড’ কর্তৃপক্ষ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন করতে পারবে।
- নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের পিতা/মাতা বা আইনানুগ অভিভাবকের সম্মতি পত্র জমা দিতে হবে।
- অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।

আবেদন শুরু তারিখঃ ২৬ই সেপ্টেম্বর-২০২৩ইং

আবেদনের শেষ তারিখঃ ৩০ই সেপ্টেম্বর -২০২৩ইং

সিডি জমা দেওয়ার ঠিকানাঃ

বরাবর নির্বাহী পরিচালক সোসাইটি ফর হেলথ এন্ড ডেভেলপমেন্ট (শেড)। প্রোগ্রাম অফিসঃ ডাক্তার আব্দুর রহিম বিল্ডিং (২য় তলা), উপজেলা হেলথ কমপ্লেক্স এর পাশে, মেইন রোড, উখিয়া, কক্সবাজার-৪৭০০।
--

আবেদন পত্রের সাথে যা জমা দিতে হবেঃ

- মোবাইল নম্বরসহ প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত।
- শিক্ষাগত যোগ্যতা সনদ ও রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত ফটোকপি।
- অভিজ্ঞতা সনদের ফটোকপি।
- ভোটার আইডি কার্ড বা জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক পদত্ব জাতীয়তা সনদের ফটোকপি।
- সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি।

### উল্লেখ্যঃ

- খামের উপর “পদের নাম (সিএনভি)” অবশ্যই উল্লেখ করতে হবে।
- উল্লেখিত কাগজপত্র ছাড়া অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**নিয়োগের ক্ষেত্রে “শেড” নারী প্রার্থীদের অগ্রাধিকার দিয়ে থাকে।**

[www.shedbd.org](http://www.shedbd.org)